গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সেবা সহজিকরণ

ফেব্রুয়ারি, ২০২০


ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
www.mora.gov.bd

সহজিকরণ সেবার নামঃ হজযাত্রীদের প্রি-এরাইভাল ইমিগ্রেশন (Route to Makkah)

১।বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

| সেবাপ্রদানেরধাপ | কার্যক্রম | প্রতিধাপেরসময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্তব্যক্তিবর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | হজ ক্যাম্পে আগমন | যাত্রাসময় | |
| ধাপ-২ | লাগেজ বুকিং ও বোর্ডিং | ২০ ৩০-মি | |
| ধাপ৩- | বাংলাদেশ পর্বের ইমিগ্রেশন | ৮০মি ৯০ - | |
| ধাপ৪- | এয়ারপোর্টে গমন | ২০মি ৩০ - | |
| ধাপ৫- | সৌদিআরব যাত্রা | যাত্রাসময় | |
| ধাপ৬- | সৌদি ইমিগ্রেশন এর জন্য অপেক্ষা | ১৬০মি ২১০ - | |
| ধাপ৭- | ইমিগ্রেশন সম্পন্নকরণ | ৮০মি ৯০ - | |
| ধাপ৮- | বেল্ট থেকে লাগেজ সংগ্রহ | ৮০মি ৯০ - | |
| ধাপ৯- | বাসের জন্য অপেক্ষা | ১২০মি ১৮০ - | |
| ধাপ১০- | বাসে লাগেজ উঠান | ২০মি ৩০ - | |
| ধাপ১১- | বাস যোগে আবাস্থলে গমন | যাত্রাসময় | |

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ





৩। তুলনামূলকবিশ্লেষণ (বিদ্যমানওপ্রস্তাবিতপদ্ধতিরধাপভিত্তিকতুলনা):

| ক্ষেত্র | সমস্যারবর্ণনা | সমাধানেরপ্রস্তাবনা |
|---|---|---|
| ১।আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের ইমিগ্রেশন এর সময় অনেক সময় অপেক্ষা করতে হয় । ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করার কারনে হজযাত্রীরা অনেক কষ্ট ও দুর্ভোগের শিকার হন। | এই প্রথমবারের মত হজ-২০১৯ এ সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের অপেক্ষার সময় ও কষ্ট কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশি হজযাত্রীদের সৌদি আরব অংশের ইমিগ্রেশন জেদ্দা/মদিনার পরিবর্তে ঢাকায় সম্পন্ন করা হয়। এছাড়াও হজযাত্রীদের লাগেজ পরিবহনের কষ্ট লাঘবের উদ্দেশ্যে ঢাকা এয়ারপোর্ট থেকে লাগেজ সরাসরি হজযাত্রীর মক্কাস্থ হোটেলের কক্ষে পৌঁছিয়ে দেয়া হয়। এ কার্যক্রমের ফলে সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশী হজযাত্রীদের বিমান বন্দরে ০৬ থেকে ০৮ ঘন্টা অপেক্ষার সময় ও কষ্ট লাগব হয়েছে । প্রথম বছরেই অত্যন্ত সফলতার সাথে বাংলাদেশের প্রায় অর্ধেক হজযাত্রীর ইমিগ্রেশন সম্পন্ন হয়েছে। |
| ২।দাখিলীয়কাগজপত্রাদি | পাসপোর্ট, টিকিট, স্বাস্থ্যসনদ | পাসপোর্ট, টিকিট, স্বাস্থ্যসনদ |
| ৩।সেবারধাপ | ১১টি | ০৮টি |
| ৪। সম্পৃক্ত জনবল | হজ অফিস ঢাকা, ইমিগ্রেশন কর্তৃপক্ষ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগন, হজ অফিস ঢাকা, ইমিগ্রেশন কর্তৃপক্ষ, বাংলাদেশ বিমান, সৌদিয়া এয়ারলাইন্স, রাজকীয় সৌদি সরকারের Route to Makkah বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জনবল ইত্যাদি |

| | | |
|---|---|---|
| ৫ ।স্বাক্ষরকারী/অনুমোদনেরসঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ৬ ।আন্তঃঅফিস নির্ভরশীলতা | হজ অফিস ঢাকা, ইমিগ্রেশন কর্তৃপক্ষ (বাংলাদেশ ও সৌদি আরব) | হজ অফিস ঢাকা, ইমিগ্রেশন কর্তৃপক্ষ (বাংলাদেশ ও সৌদি আরব), বাংলাদেশ বিমান, সৌদিয়া এয়্যারলাইন্স, রাজকীয় সৌদি সরকার |
| ৭ ।আইন/বিধি/ প্রজ্ঞাপন ইত্যাদি | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ৮ ।অবকাঠামো/ হার্ডওয়ারইত্যাদি | প্রযোজ্য নয় | হজক্যাম্পে হজযাত্রীদের ১০ আঙ্গুলের ছাপ এবং ছবি নেয়ার জন্য এবং কালার ভিত্তিক লাগেজ ট্যাগ, লাগেজ বুকিং এর জন্য দুইটি পৃথক অবকাঠামো নির্মান। ঢাকা বিমানবন্দরে সৌদি পর্বের ইমিগ্রেশন সম্পন্ন করার জন্য আলাদা বোর্ডিং গেটে বুথ স্থাপন এবং প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ |
| ৯ ।রেকর্ড/তথ্যসংরক্ষণ | ফ্লাইট ও ইমিগ্রেশন এর তথ্য | Route to Makkah এর আওতাধীন ফ্লাইট, ইমিগ্রেশন, হজযাত্রী এবং সৌদি আরবের বাড়ির তথ্য |
| ১০ ।প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা | হ্যাঁ | হ্যাঁ, লাগেজ ট্যাগ , ফিঙ্গার প্রিন্ট,লাগেজ বুকিং, ঢাকা বিমানবন্দরে সৌদি পর্বের ইমিগ্রেশন সম্পন্ন করার জন্য প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য রয়েছে। |
| ১১ ।খরচ (নাগরিক+অফিস) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ১২ ।সময় (নাগরিক+অফিস) | ৯ থেকে ১২ ঘন্টা বিদ্যমান পদ্ধতি | ৩-৪ঘন্টা |
| ১৩ ।যাতায়াত (নাগরিক) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ১৪ ।অন্যান্য | - | - |

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ




৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| বিদ্যমান প্রসেস ম্যাপের ধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপের ধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | হজ ক্যাম্পে আগমন | ধাপ-১ | হজ ক্যাম্পে আগমন |
| ধাপ-২ | লাগেজ বুকিং ও বোর্ডিং | ধাপ-২ | লাগেজ ট্যাগ, ফিঙ্গার প্রিন্ট |
| ধাপ-৩ | বাংলাদেশ পর্বের ইমিগ্রেশন | ধাপ-৩ | লাগেজ বুকিংও বোর্ডিং |
| ধাপ-৪ | এয়ারপোর্টে গমন | ধাপ-৪ | বাংলাদেশ পর্বের ইমিগ্রেশন |
| ধাপ-৫ | সৌদি আরবযাত্রা | ধাপ-৫ | এয়ারপোর্টে গমন |
| ধাপ-৬ | সৌদি ইমিগ্রেশন এর জন্য অপেক্ষা | ধাপ-৬ | সৌদি পর্বের ইমিগ্রেশন |
| ধাপ-৭ | ইমিগ্রেশন সম্পন্নকরণ | ধাপ-৭ | সৌদি আরব যাত্রা |
| ধাপ-৮ | বেল্ট থেকে লাগেজ সংগ্রহ | ধাপ-৮ | বাসযোগে আবাস্থলে গমন |
| ধাপ-৯ | বাসের জন্য অপেক্ষা | | |
| ধাপ-১০ | বাসে লাগেজ উঠান | | |
| ধাপ-১১ | বাসযোগে আবাস্থলে গমন | | |

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমানপদ্ধতি | প্রস্তাবিতপদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ৯ থেকে ১২ ঘন্টা | ৩-৪ ঘন্টা |
| খরচ (নাগরিকওঅফিসের) | - | - |
| যাতায়াত | - | - |
| ধাপ | ১১টি | ০৮টি |
| জনবল | | |
| দাখিলীয় কাগজপত্র | পাসপোর্ট, টিকিট, স্বাস্থ্যসনদ | পাসপোর্ট, টিকিট, স্বাস্থ্যসনদ |


সহজিকরণ সেবার নামঃ হজযাত্রীদের স্বাস্থ্যসেবা – ইলেক্ট্রোনিক হেলথ প্রোফাইল

১| বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় (দিন/ঘন্টা/মিনিট) | সম্পৃক্ত ব্যক্তি বর্গ (পদবি) |
|---|---|---|---|
| ধাপ-১ | হজের নিবন্ধন সনদ ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসহ স্বাস্থ্য কেন্দ্রে গমন | যাত্রাসময় | |
| ধাপ-২ | ফরম এর জন্য অপেক্ষা ও লাইন | ২০মি | |
| ধাপ৩- | ম্যানুয়াল ফরমপুরণ | ৩০মি | |
| ধাপ৪- | যাচাই-বাছাই এর জন্য অপেক্ষা | ২০মি | |
| ধাপ৫- | রিপোর্ট যাচাই-বাছাই ও টিকা গ্রহণ | ১৫মি | |
| ধাপ৬- | হেলথ কার্ডের জন্য অপেক্ষা ও লাইন | ১৫মি | |
| ধাপ৭- | কিউ অনুযায়ী হেলথ কার্ড গ্রহন | ৩০মি | |
| ধাপ৮- | ম্যানুয়াল এন্ট্রিকৃত ফরম সিস্টেমে এন্ট্রির জন্য স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ | ১ দিন | |
| ধাপ৯- | কেন্দ্রীয় পর্যায় থেকে সকল ম্যানুয়াল ফরমের ডাটা এন্ট্রিও ইহেলথ প্রোফাইলে তথ্য হালনাগাদ- | ১মাস ৫. | |

২। বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ

প্রসেসম্যাপ - ১





---

৩।তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা):

| ক্ষেত্র | সমস্যারবর্ণনা | সমাধানেরপ্রস্তাবনা |
|---|---|---|
| ১।আবেদনপত্র/ ফরম/ রেজিস্টার/ প্রতিবেদন | মেডিকেল প্রোফাইল এর তথ্য সিস্টেমে সময় মত হালনাগাদ না থাকার কারনে সৌদিআরবে হজযাত্রীদের চিকিৎসা প্রদানের সময় নানা রকম সমস্যা হয়। ম্যানুয়াল পদ্ধতিতে পুরনকৃত ফরম কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে অনেক সময় লাগে এবং ত্রুটি বিচ্যুতি হয়।কোন হজযাত্রী যদি টিকা গ্রহণ না করে থাকেন তার তথ্য সিস্টেমে পাওয়া যায়না।কোন হজযাত্রী কোন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত কিনা, অচল অক্ষম কিনা তাও যথাসময়ে জানা সম্ভব হয় না। | হজযাত্রীরা যাতে তাদের মেডিকেলপ্রোফাইলএর তথ্য ফরম অনলাইন থেকে ডাউনলোড করতে পারেন। অনলাইন প্রোফাইল ফর্মে ট্রাকিংনংএরবিপরীতেবেসিক ইনফরমেশন যেমন নাম, ট্র্যাকিং নাম্বার, পিতা/মাতার নাম, পাসপোর্ট নাম্বর ইত্যাদি তথ্য থাকবে কিন্তু স্বাস্থ্য বিষয়ক তথ্য শুধুমাত্র অনুমোদিত চিকিৎসক স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট দেখে অনলাইনে পূরণ করবেন। হজযাত্রী প্রিন্টকৃত হেলথ প্রোফাইল প্রিন্ট করে অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসবেন। স্বাস্থ্য কেন্দ্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার (ডাক্তার/ নার্স/ স্বাস্থকর্মী) সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে স্বাস্থের রিপোর্ট যাচাই করে তা এন্ট্রি করবেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইউজার ফরমের তথ্য নিশ্চিত করার পরই হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইলটি ডিজিটাল প্রত্যয়নপত্র তৈরি এবং প্রিন্ট করার ব্যবস্থা থাকবে। ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইলটি ডিজিটাল প্রত্যয়ন পত্র না থাকলে হজযাত্রীদের ভিসা প্রদান করা হবেনা। এর ফলে সকল হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইলসহ টিকা প্রদান নিশ্চিত করা যাবে। যেহেতু হজযাত্রীদের তথ্য স্বাস্থ্য কেন্দ্র থেকে এন্ট্রি হয়ে যায় এর ফলে পূর্বের বছরের ন্যায় আর কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে হবেনা এবং এর ফলে সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর |

| | | |
|---|---|---|
| | | তথ্য সময়মত পাওয়া যাবে। |
| ২। দাখিলীয় কাগজ পত্রাদি | হজযাত্রীদের হেলথ প্রোফাইল এর নির্ধারিত ম্যানুয়াল ফরম পূরণ, নিবন্ধন সনদ ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট | হজযাত্রীদের তথ্য সম্বলিত ই-হেলথ প্রোফাইল ফরম, নিবন্ধন সনদ ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট |
| ৩।সেবার ধাপ | ০৯টি | ০৫টি |
| ৪। সম্পৃক্ত জনবল | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করার জন্য ১,২৮,০০০ হজযাত্রীদের হেলথ প্রোফাইলের তথ্য এন্ট্রির জন্য প্রয়োজনীয় জনবল প্রয়োজন হবে এছাড়া টিকা গ্রহণ এবং স্বাস্থের রিপোর্ট যাচাই করার জন্য সংশ্লিষ্ট ডাক্তার/ নার্স/ স্বাস্থকর্মী | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে হবে না তবে স্বাস্থ্য কেন্দ্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার (ডাক্তার/ নার্স/ স্বাস্থকর্মী) সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে স্বাস্থের রিপোর্ট যাচাই করে তা এন্ট্রি করবেন। বিদ্যমান জনবল দিয়েই কাজ কাজ করা যাবে তবে ToT প্রশিক্ষণের প্রয়োজন হবে। |
| ৫।স্বাক্ষরকারী/অনুমোদনেরসঙ্গে সম্পৃক্ত ব্যক্তির সংখ্যা ও পদবি | ডাক্তার/ নার্স/ স্বাস্থকর্মী | মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার (ডাক্তার/ নার্স/ স্বাস্থকর্মী) |
| ৬।আন্তঃঅফিস নির্ভরশীলতা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণাল য়, হজ অফিস ঢাকা | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হজ অফিস ঢাকা |
| ৭।আইন/বিধি/ প্রজ্ঞাপনইত্যাদি | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ৮।অবকাঠামো/ হার্ডওয়ার ইত্যাদি | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করার জন্য প্রয়োজনীয় হার্ডওয়ার | অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে ইন্টারনেট, ল্যাপটপ/কম্পিউটার, স্মার্ট মোবাইল ডিভাইস, প্রিন্টার ইত্যাদি |
| ৯।রেকর্ড/তথ্যসংরক্ষণ | হ্যাঁ | হ্যাঁ (ই-হজ ডাটাবেসে তথ্য সংরক্ষণ) |
| ১০।প্রযুক্তির প্রয়োগ প্রযোজ্য কিনা | হ্যাঁ | হ্যাঁ |
| ১১। খরচ (নাগরিক+অফিস) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ১২।সময় (নাগরিক+অফিস) | ১। হজযাত্রীদের কাছে ম্যানুয়াল হেলথ কার্ড প্রাপ্তির সময় ২.১৬ থেকে ৩.৮ ঘন্টা<br>২। ই-হেলথ প্রোফাইলে তথ্য সিস্টেমে হালনাগাদ ১.৫ মাস ১ দিন | ১। হজযাত্রীদের কাছে ই-হেলথ কার্ড প্রাপ্তির সময় ৫৫ মিনিট থেকে ১.১০ ঘন্টা<br>২। চিকিৎসক কর্তৃক অনুমোদিত হওয়ার সাথে সাথে সিস্টেমে হালনাগাদ। (কেন্দ্রীয় পর্যায় থেকে এন্ট্রির প্রয়োজন নেই) । কাজেই আলাদা সময়ের প্রয়োজন হবে না |
| ১৩।যাতায়াত (নাগরিক) | ৩-৪ টি | ১-২ টি |
| ১৪।অন্যান্য | - | - |

৪। প্রস্তাবিত প্রসেস ম্যাপ




৫। তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপ ভিত্তিক তুলনা):

| বিদ্যমান প্রসেস ম্যাপেরধাপ | বিদ্যমান ধাপের বর্ণনা | প্রস্তাবিত প্রসেস ম্যাপেরধাপ | প্রস্তাবিত ধাপের বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | হজের নিবন্ধন সনদ ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসহ স্বাস্থ্যকেন্দ্রে গমন | ধাপ-১ | ট্র্যাকিং নং দিয়ে Electronic Health Profileডাউনলোড |
| ধাপ-২ | ফরম এর জন্য অপেক্ষাওলাইন | ধাপ-২ | হেলথ প্রোফাইল ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসহ স্বাস্থ্য কেন্দ্রে গমন |
| ধাপ-৩ | ম্যানুয়ালফরমপুরণ | ধাপ-৩ | লাইনে অপেক্ষা অনুমোদিত চিকিৎসক কর্তৃক অনলাইনে যাচাই-বাছাই ও টিকাগ্রহণ |
| ধাপ-৪ | যাচাই-বাছাই এর জন্য অপেক্ষা | ধাপ-৪ | অনুমোদিত হলে অনলাইন থেকে Electronic Health Certificate ডাউনলোড |
| ধাপ-৫ | রিপোর্ট যাচাই-বাছাই ও টিকা গ্রহণ | ধাপ-৫ | ই-হেলথ প্রোফাইল সিস্টেমে হালনাগাদ |
| ধাপ-৬ | হেলথ কার্ডের জন্য অপেক্ষা ও লাইন | | |
| ধাপ-৭ | কিউ অনুযায়ী হেলথ কার্ড গ্রহন | | |
| ধাপ-৮ | ম্যানুয়াল এন্ট্রিকৃত ফরম সিস্টেমে এন্ট্রির জন্য স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ | | |
| ধাপ-৯ | কেন্দ্রীয় পর্যায় থেকে সকল ম্যানুয়াল ফরমের | | |

| | | | |
|---|---|---|---|
| | ডাটা এন্ট্রিও ই-হেলথ প্রোফাইলে তথ্য হালনাগাদ | | |

৬। TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

| | বিদ্যমানপদ্ধতি | প্রস্তাবিতপদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১। হজযাত্রীদের কাছে ম্যানুয়াল হেলথ কার্ড প্রাপ্তির সময় ২.১৬ থেকে ৩.৮ ঘন্টা<br>২। ই-হেলথ প্রোফাইলে তথ্য সিস্টেমে হালনাগাদ ১.৫ মাস ১ দিন | ১। হজযাত্রীদের কাছে ই-হেলথ কার্ড প্রাপ্তির সময় ৫৫ মিনিট থেকে ১.১০ ঘন্টা<br>২। চিকিৎসক কর্তৃক অনুমোদিত হওয়ার সাথে সাথে সিস্টেমে হালনাগাদ<br>(কেন্দ্রীয় পর্যায় থেকে এন্ট্রির প্রয়োজন নেই) ।কাজেই আলাদা সময়ের প্রয়োজন হবে না |
| খরচ (নাগরিক ও অফিসের) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| যাতায়াত | আনুমানিক ৩-৪ | আনুমানিক ১-২ |
| ধাপ | ০৯টি | ০৫টি |
| জনবল | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করার কারনে অধিক জনবলের প্রয়োজন হয় | কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করা হবে না বিধায় এসংক্রান্ত জনবলের প্রয়োজন হবে না |
| দাখিলীয়কাগজপত্র | নিবন্ধনসনদ, স্বাস্থ্যপরীক্ষাররিপোর্ট পুরণর্কৃতম্যানুয়ালফরম | স্বাস্থ্যপরীক্ষাররিপোর্ট, ডাউনলোর্ডকৃত Electronic Health Profile |
| সেবার মান | ম্যানুয়াল ফর্ম পূরণ ও এন্ট্রি করার জন্য ভুল-ত্রুটি হয় এবং যথাসময়ে তথ্য হালনাগাদ না থাকা। | সিস্টেম generatedহবার কারনে ভুল-ত্রুটি হবার সম্ভাবনা নেই এবং সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর তথ্য সময়মত পাওয়া যাবে। |

## ২০১৮-২০১৯ অর্থবছরে গৃহীত সেবা সহজিকরণ কার্যক্রমের তথ্য

মন্ত্রণালয়/বিভাগের নাম: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

| সেবার নাম | TCV(Time, Cost & Visit) বিশ্লেষণ (সহজিকৃত সেবা বাস্তবায়ন পরিকল্পনা) | | | সহজিকরণ বাস্তবায়নের অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ক্ষেত্র | বিদ্যমান | প্রস্তাবিত/ বাস্তবায়িত | কার্যক্রম | তারিখ | |
| ১ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। ঘরে বসে হজের প্রাক্-নিবন্ধন | সময় | ১ দিন | ১০-১৫ মিনিট | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন (তারিখ) | - | ব্যক্তিগত জিমেইল একাউন্ট ব্যবহার করে হজগমনেচ্ছু ব্যক্তি ঘরে বসে হজের প্রাক্-নিবন্ধন করতে পারেন। |
| | ধাপ | ২ | ১ | সরকারি আদেশ জারি (তারিখ) | - | |
| | খরচ (নাগরিকদের খরচসহ) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | পাইলটিং বাস্তবায়নের তারিখ | ১২-০৮-২০১৮ | |
| | যাতায়াত (বার) | ১ | ০ | সারাদেশে বাস্তবায়নের তারিখ | ১৬-০৯-২০১৮ | |
| | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | ১টি | ০ | | | |
| ২। হজের সেবা ৩৩৩ তে | সময় | ১-৫ মিনিট | ১-৫ মিনিট | সহজিকরণ প্রস্তাবনা অনুমোদন (তারিখ) | - | পূর্বে শুধুমাত্র হজ কল সেন্টার হতে হজ তথ্য সেবা দেয়া হত। বর্তমানে নাগরিক সেবা '৩৩৩' হতেও হজ তথ্য সেবা দেয়া হয়। |
| | ধাপ | ১ | ১ | | | |
| | খরচ (নাগরিকদের খরচসহ) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | সরকারি আদেশ জারি (তারিখ) | - | |
| | যাতায়াত (বার) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | পাইলটিং বাস্তবায়নের তারিখ | - | |
| | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | সারাদেশে বাস্তবায়নের তারিখ | ৩০-০৪-২০১৯ | |

## ১.২.১ নূন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত

**সার্ভিসের নামঃ** অনলাইনে সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের প্রাক্-নিবন্ধন

**পটভূমিঃ** ই-হজ ব্যবস্থাপনা সিস্টেম প্রাক-নিবন্ধন থেকে শুরু হয়। **২০১৬ খ্রি. (১৪৩৭ হিজরি) সন থেকে হজযাত্রীদের প্রাক নিবন্ধন কার্যক্রম চলমান।** সরকারী ও বেসরকারী ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছু সকল হজযাত্রীগণ অন-লাইন প্রাক-নিবন্ধন সিস্টেমে নিবন্ধিত হন। প্রাক-নিবন্ধিত হজযাত্রীগণ সৌদি সরকার প্রদত্ত কোটা অনুসারে নিবন্ধনের ক্রমানুসারে পবিত্র হজব্রত পালনের সুযোগ পান। প্রত্যেক হজযাত্রী নিজের জাতীয় পরিচয় পত্র দিয়ে অনলাইন NID ভেরিফিকেশনের মাধ্যমে প্রাক নিবন্ধন করেন। প্রাক-নিবন্ধন সিস্টেমে ডাটা এন্ট্রির পর হজযাত্রীগণ ট্র্যাকিং নম্বরসহ একটি পেমেন্ট ভাউচার পাবেন। হজযাত্রীগণ উক্ত পেমেন্ট ভাউচার দিয়ে সরকার নির্বাচিত ব্যাংকে পূর্ব ঘোষিত নির্ধারিত পরিমাণ টাকা পরিশোধ করে প্রাক-নিবন্ধন ক্রমিক নম্বরসহ একটি প্রাক-নিবন্ধন সনদ পেয়ে থাকেন। সরকারি ব্যবস্থাপনায় হজ অফিস, ঢাকা, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের সকল জেলা/বিভাগীয় কার্যালয়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে হজের প্রাক্-নিবন্ধন করা যায়। অন্যদিকে বেসরকারি ব্যবস্থাপনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে হজের প্রাক্-নিবন্ধন করা যায়।

**নতুন ই-সার্ভিসঃ** প্রাক-নিবন্ধন সিস্টেমে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে অনলাইনে খুব সহজেই প্রাক্-নিবন্ধন করেন। সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন হজ অফিস, ঢাকা, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের সকল জেলা/বিভাগীয় কার্যালয়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে হজের প্রাক্-নিবন্ধন করে থাকেন। তাদের প্রাক্-নিবন্ধনের জন্য ইতিপূর্বে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন তাদের সংশ্লিষ্ট অফিসগুলোতে গিয়ে প্রাক-নিবন্ধন করতেন অথবা কল সেন্টারের মাধ্যমে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতেন। নতুন এই ই-সার্ভিস এর মাধ্যমে ঘরে বসেই একজন সরকারি ব্যবস্থাপনার হজে গমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন করতে পারেন।

**সংক্ষিপ্ত বিবরণঃ**


- আবেদন করার জন্য প্রথমে আপনাকে জিমেইলের মাধ্যমে লগ-ইন করতে হবে।
- লগ-ইন করার পর আপনি যে হজযাত্রীর আবেদন করতে চান তার তথ্য দিন। একাধিক আবেদনের জন্য " নতুন আবেদন" বাটনে ক্লিক করতে হবে । ১৮ বছরের উপরে যাদের বয়স তাদের 'এন আইডির' তথ্য দিতে হবে। আর যাদের বয়স ১৮ বছরের নিচে তাদে জন্ম সনদের মাধ্যমে ফরম পূরন করতে হবে।
- হজযাত্রীর তালিকা থেকে যাদের টাকা জমা দিতে চান তাদেরকে সিলেক্ট করতে হবে এবং "পেমেন্ট আবেদন" বাটনে ক্লিক করতে হবে।
- আপনি যে ব্যাংকে টাকা জমা দিতে চান তার তথ্য পূরন করতে হবে।
- আবেদন করার জন্য "ভাউচারের জন্য আবেদন করুন" অবশনে ক্লিক করতে হবে। আবেদন করার পর কিছু নির্দেশনা দেওয়া থাকবে যা আপনি পড়ে নিতে পারেন।
- ভাউচার তৈরি হলে আপনার আছে একটি মেইল যাবে এবং এসএমএস যাবে। মেইলের মাধ্যমে ভাউচার ডাউনলোড করতে পারবেন ।
- অথবা ভা্উচার ডাউনলোড করার জন্য লগ-ইন করে পেমেন্ট আবেদন তালিকা থেকে "পেমেন্ট ভাউচার ডাউনলোড করুন" বাটনে ক্লিক করে ডাউনলোড করা যাবে।
- ভাউচারটি প্রিন্ট করে ব্যাংকের মধ্যমে টাকা জমা দিতে হবে।


ওয়েবসাইটঃ [www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd)

ই-সার্ভিস লিংকঃ [https://prp.pilgrimdb.org/pilgrim-reg-request/create](https://prp.pilgrimdb.org/pilgrim-reg-request/create)

ই-সার্ভিস অবস্থাঃ চলমান

এ পর্যন্ত সার্ভিস নিয়েছেনঃ



ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজযাত্রীদের প্রাক-নিবন্ধন সিস্টেম

যে হজযাত্রীর জন্য আবেদন করতে চান তার তথ্য দিন

আবেদন | ব্যাংকের মাধ্যমে টাকা জমাদান | এসএমএস এর মাধ্যমে সিরিয়াল নম্বর নিশ্চিতকরণ

**জাতীয়তা:** ◉ বাংলাদেশী ○ প্রবাসী বাংলাদেশী

**জন্ম তারিখ:**

**লিঙ্গ:** ◉ পুরুষ ○ মহিলা

**ব্যক্তিগত পরিচয়:** ◉ জাতীয় পরিচয়পত্র ○ জন্ম সনদ

**জাতীয় পরিচয়পত্র নং:** জাতীয় পরিচয়পত্র নম্বর দিন

✖ পিছনে | ➜ পরবর্তী

১. যে সমস্ত হজযাত্রীর বয়স ১৮ বা তদুর্ধ্ব তাদের রেজিষ্ট্রেশনের জন্য জাতীয় পরিচয়পত্র বাধ্যতামুলক এবং যাদের বয়স ১৮ বছরের নীচে তারা অভিভাবকের সাথে জন্মনিবন্ধন সনদের কপিসহ আবেদনপত্র পুরণ করবেন। সরকারের সিদ্ধান্ত মোতাবেক এই তথ্য জাতীয় পরিচয় পত্রের তথ্যভান্ডার (এনআইডি) ও পুলিশের বিশেষ শাখার মাধ্যমে যাচাই করা হবে।

২. সরকার নির্ধারিত ফি ও অগ্রীম জামানত নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের সাথে সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন কেন্দ্রীয় প্রাক-নিবন্ধন সার্ভার থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রাক-নিবন্ধন ক্রমিক প্রদান করা হবে।

৩. যদি কোন হজযাত্রী হজে যেতে আগ্রহী না হন তাহলে অগ্রিম নিবন্ধিত জামানত (নির্ধারিত সার্ভিস ফি ব্যতীত) ফেরত নিতে পারবেন, তবে এক্ষেত্রে তাদের জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে প্রসেসিং ফি কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হবে।

৪. প্রাক-নিবন্ধন সংক্রান্ত যেকোন প্রশ্নে, হজ তথ্য সেবাকেন্দ্রে (ফোন নম্বর: 09602666707) যোগাযোগ করুন।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজযাত্রীদের প্রাক-নিবন্ধন সিস্টেম

**আবেদন নম্বর :** P58FF400

**ব্যাংকের নাম :** Sonali Bank Limited
**ব্রাঞ্চের নাম :** Ramna Corp

**জমাদানকারীর নাম :** শেলিনা খানম
**মোবাইল নং:** 01712720202

⬇ পেমেন্ট ভাউচার ডাউনলোড করুন

Show 25 entries | search:

| ক্রম | এনআইডি/বিআরএন | জন্ম তারিখ | লিঙ্গ | প্রক্রিয়া |
|---|---|---|---|---|
| 1 | 2694069205038 | 1975-03-01 | male | |
| 2 | 5925614116532 | 1977-06-02 | female | |

Showing 1 to 2 of 2 entries

Previous 1 Next

✖ পিছনে যান

একটি ভাউচারে ১৫ জনের বেশি হজযাত্রী যোগকরা যাবে না